**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**23 NOVEMBER 2024** **7:45 PM IST**

==========================================================================

(১) রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনে বিজেপি নেতৃত্বাধীন মিত্রজোটের জয়লাভ/ ধলাই, সামগুড়ি ও বিহালী আসন বিজেপির দখলে/

(২) ধলাই বিধানসভা আসনে বিজেপি প্রার্থী নীহার রঞ্জন দাসের ন'হাজার ৯৮ ভোটে জয়লাভ/

(৩) সংসদের শীতকালীন অধিবেশনের প্রাক্কালে আগামীকাল সরকারের সর্বদলীয় বৈঠক আহ্বান/

(৪) রাজ্যের কলেজগুলিতে নিযুক্তির জন্য এখন থেকে ইউ পি এস সি অথব্য এ পি এস সি'র মতো একটি পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত/

---

আসামে উপ-নির্বাচন হওয়া পাঁচটি বিধানসভা আসনের সবকটিতেই বিজেপি জয়লাভ করেছে । ধলাই, সিডলী, বঙাইগাও, বিহালী ও সামগুড়ি আসনে বিজেপি সমর্থিত প্রার্থীরাই বিজয়ী হয়েছেন ।

ধলাই বিধানসভা আসনে বিজেপি প্রার্থী নীহার রঞ্জন দাস তাঁর নিকটতম প্রতিদ্বন্দী ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থকে ন'হাজার ৯৮ ভোটের ব্যবধানে পরাজিত করে বিজয়ী হয়েছেন । বিজেপি প্রার্থী শ্রী দাস পেয়েছেন- ৬৯ হাজার ৯৪৫টি ভোট । এবং কংগ্রেসের শ্রী পুরকায়স্থ পেয়েছেন- ৬০ হাজার ৮৪৭টি ভোট । এই আসনে নির্দল প্রার্থী অমলেন্দু দাস ৫ হাজার ৬১টি ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন । এছাড়া এস ইউ সি আই প্রার্থী গৌর চন্দ্র দাস পেয়েছেন- ১ হাজার ৭৩৭ টি ভোট । এছাড়া অন্য চারজন নির্দল প্রার্থী- পরিমল দাস পেয়েছেন- ৫১১টি ভোট, রাজু দাস- ৭১৭টি ভোট, ধীরাজ দাস- ৩৪৪টি ভোট এবং দিলীপ কুমার ধোবী ৬৪৯ টি ভোট পেয়েছেন। এছাড়া নোটায় এক হাজার ৫২৮টি ভোট পড়েছে ।

এদিকে সিডলী আসনে রাজ্যে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোটের সমর্থিত ইউ পি পি এল প্রার্থী নির্মল কুমার ব্রহ্ম তার নিকটতম প্রতিদ্বন্দী বি পি এফ প্রার্থী শুদ্ধ কুমার বসুমাতারীর থেকে ৩৭ হাজার ১৬ ভোটের ব্যবধানে বিজী হয়েছে । শ্রী ব্রহ্ম পেয়েছেন- ৯৫ হাজার ২৪৩ টি ভোট । এবং শ্রী বসুমাতারী পেয়েছেন- ৫৮ হাজার ২২৭ টি ভোট ।

বিহালী আসনে বিজেপি প্রার্থী দিগন্ত ঘাটোয়াল তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী জয়ন্ত বরা'র থেকে ন'হাজার ৫১ ভোটে জয়ী হয়েছেন । শ্রী ঘাটোয়াল পেয়েছেন- ৫০ হাজার ৯৪৭টি ভোট এবং শ্রী বরা পেয়েছেন- ৪১ হাজার ৮৯৬টি ভোট ।

এদিকে বঙাইগাও বিধানসভা আসনের উপ-নির্বাচনে বিজেপি সমর্থিত অসম গণ পরিষদ প্রার্থী দিপ্তীময়ী চৌধুরী ৩৫ হাজার ১৬৪ ভোটে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের ব্রজেনজিৎ সিংহকে পরাজিত করেছেন । শ্রীমতি চৌধুরী পেয়েছেন- ৭৪ হাজার ৭৩৪ ভোট এবং শ্রী সিংহ পেয়েছেন- ৩৯ হাজার ৫৭০ ভোট ।

অন্যদিকে সামগুড়ি আসনে বিজেপি প্ৰাৰ্থী বিজেপি প্ৰাৰ্থী দিপ্লু রঞ্জন শর্মা ২২ হাজারেরও বেশি ভোটে জয়লাভ করেছেন । তিনি তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের তানজিল হোসেনকে পরাজিত করেছেন ।

এদিকে রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনে বিজেপি মিত্রজোট পাঁচটি আসনে জয়লাভ করায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা দলীয় কর্মীদের সহ ভোটদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করেছেন । সামগুড়ি আসনে ২৫ বছর পর বিজেপি প্রার্থী জয়লাভ করার বিষয়টিকে বিজেপি সরকারের কল্যাণকামী মনোভাবাপন্ন কর্মপ্রণালীর প্রতি জনসাধারণের সমর্থন এবং বিরোধীদের বিভাজনকামী রাজনীতিকে প্রত্যাখ্যান করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

এছাড়া বিজেপি'র রাজ্য সভাপতি ভবেশ কলিতা আসামের পাঁচটি বিধানসভা আসনে বিজেপি মিত্রজোটের জয়লাভের পর ভোটদাতাদের ধন্যবাদ জানিয়েছেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার বলিষ্ঠ পদক্ষেপের জন্যেই ভোটদাতাগণ শাসক দলের পক্ষেই জনমত দিয়েছেন বলে বিজেপি সভাপতি মন্তব্য করেন ।

অন্যদিকে বঙাইগাও আসনে অগপ প্রার্থী দিপ্তীময়ী চোধুরীর জয়ের পর গুয়াহাটির আমবাড়ীতে থাকা অসম গণপরিষদের মুখ্য কার্যালয়ে দলীয় কর্মীরা বিজয় উৎসব উদযাপন করেছেন । দলের সভাপতি অতুল বরা, কার্যকরী সভাপতি কেশব মহন্ত দলীয় প্রার্থীকে অভিনন্দন জানিয়েছেন । এবং দলের কর্মীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন । এই জয়ে আসামের জনসাধারণ যে আঞ্চলিকতাবাদ ও অসম গণপরিষদের সঙ্গে রয়েছেন, তা পুনরায় প্রমাণ করেছেন বলে অতুল বরা প্রকাশ করেন । শ্রী বরা আরো বলেন যে- জনসাধারণ এন ডি এ'র বিকাশ যাত্রাকে নিরবচ্ছিন্নভাবে এগিয়ে নিয়ে যেতে চাওয়ার বিষয়টিই পুর্নবার প্রমাণ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর ‘মন কী বাত’ অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব ব্যক্ত করবেন । এটি হবে ‘মন কী বাত’এর ১১৬তম পর্ব । আকাশবাণী-দূরদর্শনের সবকটি নেটওয়ার্কের পাশাপাশি আকাশবাণীর সংবাদ বিভাগের ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল অ্যাপের মাধ্যমে এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী ও দূরদর্শনের খবর, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইউ টিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবাণীতে প্রচারিত হওয়ার অব্যবহিত পরেই এই অনুষ্ঠানটির আঞ্চলিক ভাষার অনুবাদ প্রচার করা হবে ।

---

সংসদের শীতকালীন অধিবেশনের প্রাক্কালে সরকার আগামীকাল এক সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে । কেন্দ্রিয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের পৌরহিত্যে এই বৈঠক অনুষ্ঠিত হবে । উল্লেখ্য- এবারের অধিবেশনে সরকার সংসদে পাঁচটি নতুন বিল, একটি সংশোধনী সহ মোট ১৬টি বিল উত্থাপন করবে । এবারের অধিবেশনে লোকসভায় বাকি থাকা ওয়াকফ বোর্ডের সংশোধনী বিল ছাড়াও কোস্টাল শিপিং বিল, ইন্ডিয়ান পোর্টস বিল সহ অন্যান্য বিল উত্থাপনের কথা রয়েছে ।

---

রাজ্যের কলেজগুলোতে শিক্ষক নিযুক্তির জন্য এখন থেকে কেন্দ্রীয় লোকসেবা আয়োগ (ইউ পি এস সি )অথবা আসাম লোকসেবা আয়োগ (এ পি এস সি)'র অনুরূপ পরীক্ষা অনুষ্ঠিত হবে ।রাজ্য সরকারের ইতিপূর্বে সংশোধন করা আসাম কলেজ কর্মচারী ( প্রাদেশিকীকরণ ) আইনের অধীনে এধরণের ব্যবস্থা বলবৎ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।কলেজের শিক্ষক এবং কর্মচারীদের জন্য নতুন সেবা তহবিল সংক্রান্ত খসড়া সম্পর্কে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর সঙ্গে আসাম কলেজ শিক্ষক সংস্থা ও আসাম কলেজ অধ্যক্ষ পর্ষদের মধ্যে অনুষ্ঠিত এক বৈঠকে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।প্রাদেশিকীকৃত কলেজের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারি পদের নিযুক্তি সম্পর্কীত বিভিন্ন নিয়মের সংশোধনী করে আসাম কলেজ কর্মচারী ( প্রাদেশিকীকরণ ) আইন ২০০৫ এর অধীনে এই ব্যবস্থা গ্রহণ করতে চাওয়া হয়েছে ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি বি এস ই) মে ধাভিত্তিক বৃত্তি প্রকল্পের অধীনে একটি মাত্র কন্যা সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্য ছাত্রীকে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে অনলাইন আববেদনপত্র আহ্বান করেছে ।যেসব ছাত্রী ২০২৪ সালে দশম শ্রেণী পাশ করে অনুমোদনপ্রাপ্ত কোনো স্কুলে একাদশ শ্রেনীতে পড়ছে সেই সব ছাত্রীরা আবেদন করতে পারবে । এছাড়া ২০২৩ সালে যারা দশম শ্রেনী পাশ করে বৃত্তি পেয়েছে তাদেরকেও বৃত্তি নবীকরন করতে বলা হয়েছে ।

আবেদনপত্র জমা দেবার শেষ দিন হচ্ছে আগামী ২৩ শে ডিসেম্বর । বিস্তারিত বিবরন সি বি এস ইর ওয়েবসাইটে পাওয়া যাবে ।

---

আসাম রাজ্য প্রাথমিক শিক্ষক সন্মিলনির প্লাটিনাম জয়ন্তী উদযাপনের সমাপ্তি অনুষ্ঠান আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে গৌহাটীতে অনুষ্ঠিত হবে ।গত বছরের ২৩ নভেম্বর শিলচরে উদ্ভোধন করা প্লাটিনাম জয়ন্তীর বছরব্যাপী কার্যসূচীর সমাপ্তি অনুষ্ঠান গৌহাটীর চানমারিতে প্রাথমিক শিক্ষক সন্মিলনির শিক্ষক ভবনের সভাকক্ষ ও গৌহাটীর কমার্স কলেজের প্রেক্ষাগৃহে সমাপ্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হবে । এই জয়ন্তীতে আসামের শিক্ষক সমাজের প্রাক্তন আধিকারিক ও বর্তমান তথা প্রাক্তন শিক্ষামন্ত্রীদের সংগে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

---

গোয়ায় অনুষ্ঠিত ৫৫ তম ভারত আন্তর্জাতিক চলচ্চিত্র মহোৎসবে আজ ডঃ ববি শর্মা বরুয়া পরিচালিত ‘রোদর পাখি’ ছ বিটি প্রদর্শন করা হয় ।বিশেষভাবে সক্ষম লোকেদের প্রতি সংবেদনশীলতার মাধ্যমে নির্মাণ করা এই ছবিটি ভারতীয় পেনরমায় প্রদর্শন করা হয়েছে ।আজ অন্য একটি প্রদর্শনীতে ভূপেন হাজারিকা আঞ্চলিক সরকারী চলচ্চিত্র ও টেলিভিশন প্রতিষ্ঠানের ছাত্র এলভেসিয়া সাংমা ও দিপাংকর দাস নির্মিত গারো ভাষার চলচ্চিত্র ‘চাঞ্চুরিয়া ’প্রদর্শন করা হয় ।উল্লেখ্য

এই চলচ্চিত্র মহোৎসবের মূল শাখায় মোট ২৭০ টি ছবি প্রদর্শন করা হচ্ছে ।বিভিন্ন ক্ষেত্রে ৪০০ টি ছবি প্রদর্শন করা হবে ।এর মধ্যে বিশ্বের ৮১ টি দেশের ১৮০ টি ছবি রয়েছে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ ২০২৫ সালে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার প্র-পত্র পূরণের জন্য আগামী ২৫ শে নভেম্বর পুনরায় পোর্টেল চালু করবে । সেইঅনুযায়ী প্র - পত্র পূরণের বাকী থাকা সব কাজ ২৬ শে নভেম্বরের মধ্যে সম্পূর্ন করতে পর্ষদ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে আহ্বান জানিয়েছে । একইভাবে ফি আদায়ের শেষ তারিখ আগামী ২৭ শে নভেম্বর নির্ধারণ করা হয়েছে । প্র-পত্র পূরণের দিন পরবর্তী সময়ে আর বৃদ্ধি করা হবেনা বলে পর্ষদ স্পষ্টভাবে জানিয়েছে ।এদিকে পর্ষদ অফলাইনে কোনো ধরণের প্র-পত্র গ্রহণ করা হবেনা বলে ও জানিয়েছে ।